

=২৭=

ঢাকা ওয়াসা

বিষয়ঃ জনতথ্য বিভাগের অনুকূলে স্থায়ী দাদন হিসেবে ১০,০০০/- (দশ হাজার) টাকা অনুমোদন প্রসঙ্গে

৫৭। উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনতথ্য বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ বিভাগ। এ বিভাগের মাধ্যমে প্রতিনিয়ত প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাথে যোগাযোগ করতে হয়। ঢাকা ওয়াসার বর্তমান প্রেক্ষাপটে 'গ্রীন ওয়াসা' গড়ে তোলার লক্ষ্যে সুষ্ঠু পানি সরবরাহ সেবা এবং স্যুরেজ সেবা গ্রাহকের দোড় গড়ায় পৌছে দেয়া ঢাকা ওয়াসার বর্তমান চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জ কে সঠিকভাবে মোকাবেলা করতে জনতথ্য বিভাগকে প্রতিনিয়ত প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাথে যোগাযোগ রক্ষা করাসহ মতবিনিময় করতে হয়। এছাড়াও জনতথ্য বিভাগে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকগণ আসা যাওয়া করেন। তাদের প্রতিদিনই কিছু আপ্যায়ন করা প্রয়োজন হয়। কিন্তু জনতথ্য বিভাগের অনুকূলে উক্ত ব্যয়ভার বহন করার জন্য ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক স্থায়ী দাদন খাতে মাত্র ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা অনুমোদন দেয়া আছে। বর্তমান বাজার দরের সাথে সামঞ্জস্য রেখে দাপ্তরিক আনুষঙ্গিক ব্যয়ভার নির্বাহের জন্য স্থায়ী দাদন খাতে উক্ত টাকা বাড়িয়ে ১০,০০০/- (দশ হাজার) টাকা করা প্রয়োজন।

৫৮। এমতাবস্থায়, জনতথ্য বিভাগের অনুকূলে স্থায়ী দাদন হিসাব খাতে ১০,০০০ (দশ হাজার) টাকা অনুমোদনের নিমিত্তে নথিখানা ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবরে সবিনয়ে উপস্থাপন করা হ'ল।

০৫/০৫/১৬

অফিস সহকারী (সিনিয়র)
জনতথ্য বিভাগ
ঢাকা ওয়াসা।

০৫/০৫/১৬
মোঃ আবদুল কাদের
সহকারী জনতথ্য কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

০৫/০৫/১৬
এ.এম. মোস্তফা তারেক
উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

এক্স.ডি. সিস্টেমস

০৫/০৫/১৬
প্রকৌঃ তাকসিম এ খান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

১৮/০৫/১৬